

2 0 2 0

ELECTIVE BENGALI

Paper : 6.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

‘রবীন্দ্রনাথ-১’ অথবা ‘রবীন্দ্রনাথ-২’ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

(রবীন্দ্রনাথ-১)

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) “হাঁ, ঐ যার পতাকায় কিংশুক আঁকা।” কার পতাকায়
কিংশুক আঁকা ছিল ?

(খ) রানি সুদর্শনার পোষা হরিণীর নাম কী ?

(গ) ‘অঙ্ককারের মাঝে আমায় ধরেছ দুই হাতে’— ‘রাজা’
নাটকে গানটি কে গেয়েছেন ?

(ঘ) রাজা কোন্ বাদ্যযন্ত্র বাজাতেন ?

(2)

(ঙ) বসন্ত উৎসবে রানি সুদর্শনা কার হাত দিয়ে পুষ্পমালা পাঠিয়েছিলেন ?

(চ) শূন্যস্থান পূরণ করো :
“হয়েছে _____ পূজার সময়।”

(ছ) ‘শ্রেষ্ঠ ভিক্ষা’ কবিতাটি কোন্ বৌদ্ধ ধর্মগ্রন্থ থেকে গৃহীত ?

(জ) “জন্মেছিস ভর্তৃহীনা জ্বালার ক্রোড়ে ;”— ‘ভর্তৃহীনা’ শব্দটির অর্থ কী ?

(ঝ) মোক্ষদার ছেলের নাম কী ?

(ঞ) “কানের কাছে তার রাখিয়া মুখ কহিল, ‘ওস্তাদজি’,—
‘ওস্তাদজি’-র নাম লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

(ক) ‘রাজা’ নাটকের উৎস বৌদ্ধকাহিনি দুটির নাম লেখো।

(খ) “এ কী কাণ্ড করেছ কাঞ্চীরাজ”—কাঞ্চীরাজ কী কাণ্ড করেছিলেন ?

(গ) “বাহিরে গেল দুটি প্রাচীন সখা”— সখা দুজনের নাম লেখো।

20A/661

(Continue)

(3)

(ঘ) “নগরীর নটী চলে অভিসারে...”— নগরী ও নটীর নাম লেখো।

(ঙ) “তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত।” উক্তিটি কে, কাকে করেছিলেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

(ক) কৌণ্ডিল্য তার পিতার পারলৌকিক সংকারের সূত্রে যে কঠিন নিয়মবিধির উল্লেখ করেছিল তার বর্ণনা দাও।

(খ) “আমি ভণ্ড, আমি পাষণ্ড। আমার ছলনা ধূলিসাৎ হোক।” বক্তা কে ? তিনি কাকে, কোন্ প্রসঙ্গে এ কথা বলেছিলেন ?

অথবা

(গ) “তোমারই মধ্যে আমার উপমা আছে।” ‘রাজা’ নাটকে কে, কাকে, কোন্ প্রসঙ্গে এ কথা বলেছিলেন ?

(ঘ) “আজি রজনীতে হয়েছে সময়, এসেছি বাসবদত্তা !” প্রসঙ্গ আলোচনা করো।

অথবা

(ঙ) ‘শ্রেষ্ঠ ভিক্ষা’ কবিতায় প্রভু বুদ্ধের জন্য অনাথপিণ্ডদকে শ্রেষ্ঠ ভিক্ষাটি কে দিয়েছিলেন ? তার দানের বিষয়টি সংক্ষেপে লেখো।

(চ) টীকা লেখো : কাশীনাথ অথবা মোক্ষদা।

20A/661

(Turn Over)

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

(ক) “.... ‘রাজা’ নাটকের সুরঙ্গমা, ঠাকুরদা, সুদর্শনা ও কাঞ্চীরাজের মধ্য দিয়া কবি ভগবৎ সাধনার চারটি স্বতন্ত্র পছার পরিচয় সংকেতিত করিয়াছেন।” ‘রাজা’ নাটকের কাহিনি অনুসরণে সমালোচকের এই মন্তব্যের গ্রহণযোগ্যতা বিচার করো।

(খ) ‘রাজা’ নাটকে প্রযুক্ত গানগুলির গুরুত্ব বিশ্লেষণ করো।

(গ) ‘রাজা’ নাটকে সাধারণ জনতার যে একটি বিশেষ ভূমিকা আছে, নাট্যঘটনা অবলম্বনে তা ব্যাখ্যা করো।

(ঘ) একটি আদর্শের ধারণা, অতঃপর দ্বন্দ্ব ও পরিশেষে সত্যোপলব্ধি এই তিনটি পর্বের মধ্য দিয়ে সুদর্শনা চরিত্রের যে বিকাশ লক্ষ্য করা যায়, ‘রাজা’ নাটক অবলম্বনে তা পর্যালোচনা করো।

৫। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

(ক) ‘ব্রাহ্মণ’ কবিতা অবলম্বনে গৌতম ঋষির চরিত্র বর্ণনা করো।

(খ) ‘পূজারিনি’ কবিতার কাহিনি বর্ণনা করে কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) ‘দেবতার গ্রাস’ কবিতার মৈত্রমহাশয়ের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) পৌরাণিক আখ্যানকে রবীন্দ্রনাথ ‘কথা ও কাহিনী’ কাব্যে যে আধুনিক রূপ দিয়েছেন’ পঠিত দুটি কবিতা অবলম্বনে তা ব্যাখ্যা করো।

(রবীন্দ্রনাথ-২)

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 10 = 10$

(ক) ‘ক্ষুধিত পাষণ’ গল্পের কথক কোন্ কাজে নিযুক্ত ছিলেন ?

(খ) মতিলালবাবু কোন্ গ্রামের জমিদার ?

(গ) স্ত্রীর স্বাস্থ্যোদ্ধারের জন্য দক্ষিণাচরণ কোথায় গিয়েছিলেন ?

(ঘ) বামাচরণ কোন্ গল্পের চরিত্র ?

(ঙ) কাদের বাড়িতে যাত্রা করতে যাবার সময় নীলকান্তদের নৌকাডুবি হয় ?

(চ) যোগমায়াকে লাভণ্য কী বলে ডাকত ?

(ছ) ফরাসি ‘মন্‌আমী’ শব্দটির বাংলা প্রতিশব্দ লেখো।

(জ) সিসির প্রকৃত নাম কী ?

(ঝ) “তারই নীল নিশানে সাদা অক্ষরে নাম লেখা।” নৌকার কী নাম দিয়েছিল লাভণ্য?

(ঞ) ‘বাংলা ভাষার শব্দতত্ত্ব’ গ্রন্থের লেখক কে?

২। নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ‘নিশীথে’ গল্পের ডাক্তার ও তার মেয়ের নাম কী?

(খ) সতীশের দোয়াতদানটির বর্ণনা দাও।

(গ) “আমাদের ম্যানেজারের স্ত্রী”—কে, কার প্রসঙ্গে এ কথা বলেছেন?

(ঘ) লাভণ্য ও অমিত পরস্পরকে কী নামে ডাকত?

(ঙ) “জ্ঞানতে পারি কি, কাকে আপনি প্রেসিডেন্ট করতে চান?” এ প্রশ্নের উত্তরে কে, কার নাম বলেছিলেন?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) হারাণ ডাক্তারের চরিত্র আলোচনা করো।

(খ) “কিন্তু সুযোগমত তাহার ছোটোখাটো অসুবিধা ঘটাইয়া প্রীতিলাভ করিত।” কে, কার, কী ধরনের অসুবিধা ঘটিয়ে প্রীতিলাভ করত?

অথবা

(গ) “এই ক্ষুদ্র মেয়েটি একটি দুর্ভেদ্য প্রহেলিকা।” মেয়েটির নাম লেখো ও তার স্বভাবের পরিচয় দাও।

(ঘ) ‘শেষের কবিতা’ উপন্যাসের কেটি মিটার চরিত্রটি আলোচনা করো।

(ঙ) “ভয় হয়, এক কানের ধন পাঁচ কানে পাছে সস্তা হয়ে যায়।” কে, কাকে, কোন্ প্রসঙ্গে এ কথা বলেছে?

অথবা

(চ) “এই গর্ব অধ্যাপকের মনে ছিল।” অধ্যাপকের নাম কী? কাকে নিয়ে তাঁর কী গর্ব ছিল?

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ‘প্রতিহিংসা’ গল্পের ইন্দ্রাণী চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) ‘ক্ষুধিত পাষণ’ গল্পের অলৌকিক রহস্যময়তার পিছনে পরিত্যক্ত প্রাসাদটির ভূমিকা ব্যাখ্যা করে গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

(গ) খ্যাতিলাভের মোহে আচ্ছন্ন ইংরেজের তোষামোদকারী ধনী বাঙালির যে চরিত্র রবীন্দ্রনাথ ব্যঙ্গাত্মকভাবে ফুটিয়ে তুলেছেন, ‘রাজটীকা’ গল্পের কাহিনি অবলম্বনে তার বর্ণনা দাও।

৫। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ‘শেষের কবিতা’ উপন্যাসের নামকরণের যৌক্তিকতা বিচার করো।

(খ) ‘শেষের কবিতা’ উপন্যাসের লাভণ্য চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

(গ) ‘শেষের কবিতা’ উপন্যাসের ভাষা সম্পর্কে আলোচনা করো।
